একই নম্বর ও তারিখে জারিকৃত স্মারকের স্থলাভিষিক্ত

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০২.০০১.১৯-৬৯১

তারিখঃ ১৬ পৌষ ১৪২৬ / ৩১ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ সহকারী জজ আদালত, কামারখন্দ, সিরাজগঞ্জ এ দায়েরকৃত ৭১/২০১৪ অন্য প্রকার মোকদ্দমার গত ০৮.০৯.১৯ তারিখের আদেশের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত চাহিত তথ্যাদি টিএমইডিতে প্রেরণ।

সূত্র: ফেরদৌসী পারভীন জং-মো: আবুল হাশেম খান, সাং-এস,এস.রোড (আভা সুজ), সিরাজগঞ্জ হতে প্রাপ্ত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৯.০১.১৪ তারিখে প্রকাশিত "দৈনিক নয়া দিগন্ত" পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে ইসলাম নগর, দারুস সুন্নাত ফজিল (ডিগ্রী) মাদ্রাসায় প্রভাষক (বাংলা) পদে জনাব ফেরদৌসী পারভীন কর্তৃক আবেদন করা হয়। পরবর্তীতে নিয়োগ কমিটি কর্তৃক ১৬.০৮.১৪ তারিখে পরীক্ষা অনুষ্ঠিত হয়। উক্ত পরীক্ষায় মহিলাদের মধ্যে তিনি (ফেরদৌসী পারভীন) প্রথম স্থান অধিকার করেন মর্মে আবেদনে উল্লেখ করা হয়।

০২। বিজ্ঞপ্তিতে মহিলা কোটার মহিলা প্রভাষক নিয়োগের জন্য উল্লেখ থাকলেও তাকে (ফেরদৌসী পারভীন) নিয়োগ না করে জনাব মো: জালাল উদ্দিন শেখ-কে উক্ত পদে নিয়োগ প্রদান করা হয়। আলোচ্য নিয়োগের ক্ষেত্রে সরকারের বিধি-বিধান লংঘন করায় তিনি (ফেরদৌসী পারভীন) নিয়োগের সাথে সম্পৃক্ত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে সহকারী জজ আদালত, কামারখন্দ, সিরাজগঞ্জ -এ অন্য প্রকার মামলা নং-৭১/২০১৪ দায়ের করা হয়।

০৩। উক্ত মামলায় ১নং বিবাদী সভাপতি, ইসলাম নগর দারুস সুন্নাত ফজিল (ডিগ্রী) মাদ্রাসা, ২ নং বিবাদী সদস্য-সচিব (ভারপ্রাপ্ত অধ্যক্ষ), সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, ৩নং বিবাদী সহ-সভাপতি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, ৪নং বিবাদী শিক্ষক প্রতিনিধি, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান, ৫ নং বিবাদী শিক্ষক প্রতিনিধি, ৬নং বিবাদী ভাইস প্রিন্সিপাল, সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ, সিরাজগঞ্জ, ৭ নং বিবাদী প্রিন্সিপাল, সরকারি বিশ্ববিদ্যালয় কলেজ, সিরাজগঞ্জ, ৮ নং বিবাদী সহকারী অধ্যাপক (বাংলা), সরকারি কলেজ, সিরাজগঞ্জ, ৯ নং বিবাদী রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, ১০ নং বিবাদী সচিব, বাংলাদেশ সচিবালয়, ১১ নং বিবাদী মহাপরিচালক, মাউশি অধিদপ্তর, ১২ নং বিবাদী চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ১৩নং বিবাদী জনাব মো: জালাল উদ্দিন, ১৪নং বিবাদী জান্নাতুল ফেরদৌস, ১৫ নং বিবাদী ফরিদা জামান, ১৬ নং বিবাদী আফছারী আখতার, ১৭ নং বিবাদী দিলরুবা ইয়াসমিন, ১৮ নং বিবাদী শিপ্রা রানী পাল।

০৪। উক্ত মামলায় গত ০৮.০৯.১৯ তারিখে বাদীর পক্ষে রায় ঘোষিত হয় । যা নিম্নরুপ:

That the suit be decreed on contest against the defendant numbers 1-8/13 and ex parte against the rest without any order as to costs. Hereby, it is declared that the appointment of the defendant no. 13. Md. Jalal Uddin as a lecturer of Benglali Department of Islam Nagar Darus Sunnat Fazil (Degree) Madrasa is illegal & beyond the authority of law and the plaintiff, Mrs. Ferdousi Pervi n is entitled to be appointed as a lecturer of Bengali Department of Islam Nagar Darus Sunnat Fazil (Degree) Madrasa. Let the MPO of the defendant no. 13. Md. Jalal Uddin be cancelled and after the completion of appointment formalities of the plaintiff. Mrs. Ferdousi Pervin the necessary steps be taken for the MPO of her. Mrs. Ferdousi Pervin shall be presumed to be appointed from 20.08.14 but she will be entitled to salary from the date of this judgment as far the fairness is concerned.

It is further ordered that punishment measures be taken under Article: 3 (Gha) of the Circular issued by the Ministry of Education dated 07.08.12 against the Principal of the disputed Madrasha for violation of Article: 2 of the same Circular. Let the copy of the decree be sent to concerned authorities for necessary steps.

০৫। বিগত ২৫.০৯.১৯ তারিখে ডিক্রি প্রদান করা হয়। উক্ত রায় ও ডিক্রীর নির্দেশনা মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য বাদী কর্তৃক TMED এর সচিব মহোদয় বরাবর আবেদন করা হয়।

০৬। এক্ষণে, বিজ্ঞ আদালতের নির্দেশনা মতে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত নিম্নোক্ত তথ্য জানা আবশ্যক:

ক. সহকারী জজ আদালত, কামারখন্দ, সিরাজগঞ্জ -এ দায়েরকৃত OC. ৭১/২০১৪ মামলায় আদেশের বিরুদ্ধে প্রতিষ্ঠানের সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ (১ ও ২ নং বিবাদী) কর্তৃক আপীল দায়ের হয়েছে কিনা, হয়ে থাকলে আপীল মামলার সর্বশেষ অবস্থা (প্রমাণকসহ) তথ্য;

খ. আপীল দায়ের না হয়ে থাকলে OC. ৭১/২০১৪ মামলার রায় বাস্তবায়নের পদ্ধতি কিভাবে হবে? এ বিষয়ে মহোদয়ের মতামত।

গ. জনাব ফেরদৌসী পারভীন এর নাম এমপিওভুক্তির সুযোগ আছে কিনা? সুযোগ থাকলে এর বাস্তবায়ন পদ্ধতি কিভাবে হবে?

ঘ. বিজ্ঞ আদালতের নির্দেশনা অনুযায়ী (OC : ৭১/২০১৪ মামলায়) অধ্যক্ষের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুযোগ আছে কিনা? থাকলে তা কি এবং কিভাবে? এ বিষয়ে মহোদয়ের মতামত।

ঙ. আদালতের নির্দেনা অনুযায়ী জনাব মো: জালাল উদ্দিন এর এমপিও বন্ধের সুযোগ আছে কিনা? থাকলে তা কিভাবে? এ বিষয়ে মহোদয়ের মতামত।

০৭। এমতাবস্থায়, উপরি-উক্ত মতে চাহিত তথ্যাদি আগামী ০৯.০১.২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

০১/০১/2020

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। মাস্টার কপি/অফিস কপি।